

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আখলাক ও ব্যবহার রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অবৈধ কাজে কি পিতামাতার অনুগত্য করা জায়েয?

পিতামাতার অনুগত্য করা ওয়াজিব। কিন্তু অবৈধ কাজে তাদের অনুগত্য করা বৈধ নয়। পিতামাতা যদি হারাম উপার্জন করতে বলে, পর্দা করতে নিষেধ করে, পণ বা যৌতুক নিতে বলে, শিরক ও বিদআত করতে বলে, তাহলে সে সব কাজে তাদের অনুগত্য করা বৈধ নয়। মহান আল্লাহ বলেন,

" আমি মানুষকে তার পিতামাতার প্রতি সংব্যবহার করতে নির্দেশ দিয়েছি, তবে ওরা যদি তোমাকে আমার সাথে এমন কিছুকে অংশী করতে বাধ্য করে, জার সম্পর্কে তোমার কোন জ্ঞান নেই, তাহলে তুমি তাদের কথা মান্য করো না । আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন , অতঃ পর তোমরা যা কিছু করেছ আমি তা তোমাদেরকে জানিয়ে দেব। (আনকাবুতঃ ৮)

তোমার পিতামাতা যদি তোমাকে আমার অংশী করতে পীড়াপীড়ি করে, যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তাহলে তুমি তাদের কথা মান্য করো না, তবে পৃথিবীতে তাদের সঙ্গে সংভাবে বসবাস করো এবং যে ব্যক্তি আমার অভিমুখী হয়েছে তার পথ অবলম্বন কর, অতঃ পর আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন এবং তোমরা যা করতে, আমি সে বিষয়ে তোমাদেরকে অবহিত করব। (লুকমানঃ ১৫)

আর মহানবী(সঃ) বলেন, "স্রস্টার অবাধ্যতা করে কোন সৃষ্টির আনুগত্য নেই।" (মুসনাদে আহমদ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2091

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন